

Magisterprüfung im Nebenfach

“Sprachen und Kulturen des neuzeitlichen Südasiens” am 8.10.2013

Übersetzen Sie den folgenden Text (Quelle: S. 497f. von চক্রবৎ পরিবর্তন্তে, in বনফুল রচনাবলী ১১, কলকাতা: গ্রন্থালয় ১৯৮২, S. 496-501. (Eigennamen sind unterstrichen.)

উমাশঙ্কর অভিভূত হইয়া পড়িলেন। সত্যই এতটা তিনি প্রত্যাশা করেন নাই। তাঁহার আশা হইল এতদিনে বোধহয় মেয়েটার সদগতি হইবে। একমাত্র মেয়ে, উমাশঙ্করের অবস্থাও নিতান্ত খারাপ নয়, তবু তিনি কণ্ঠার জন্ত সংপাত্র জুটাইতে পারেন নাই। যখনকার কথা বলিতেছি তখন ইংরেজের আমোল, স্বদেশী আন্দোলনের অগ্নিযুগ চলিতেছে, বাঙ্গলার নব জাগ্রত যৌবনকে নিষ্পিষ্ট করিয়া দিবার জন্ত প্রতাপশালী ইংরেজ দৃঢ়প্রতিজ্ঞ। প্রতিটি যুবক-যুবতীর পিছনে স্পাই ঘুরিতেছে। যাহারা সরকারী চাকরি করেন, অথবা যাহারা ইংরেজের পদলেহী তাঁহারা বোমারুদের সংশ্রব যথাসাধ্য এড়াইয়া চলেন, স্বযোগ পাইলে কেহ কেহ আবার তাহাদের ধরাইয়াও দেন। তাহাদের প্রতি সহানুভূতিশীল একদল লোকও অবশ্য ছিলেন, তাঁহারা তাঁহাদের ভক্তি করিতেন, কেহ কেহ সাহায্যও করিতেন। উমাশঙ্কর এই শেষোক্ত দলের লোক। গোপনে গোপনে তিনি বোমারুদের অর্থ সাহায্য করিতেন, মাঝে মাঝে দুই একজন পলাতক বোমারুকে আশ্রয়ও দিয়াছিলেন। তাঁহার মাতৃহীন কন্যা নন্দিনীরও অনুরূপ মনোভাব ছিল, শোনা যায় বাঙ্কের ভিতর সে সুদিরাম, কানাই, যতীন, উল্লাসকরের ছবিও নাকি লুকাইয়া রাখিত। ব্যাপারটা কিন্তু বেশী দিন চাপা থাকে নাই, অনেকেই জানিয়া ফেলিয়াছিল যে উমাশঙ্কর বোমারুদের প্রতি সহানুভূতিশীল। চাকুরিয়া এবং পদলেহীরা তাঁহাকে তাই এড়াইয়া চলিত। কণ্ঠার জন্ত পাত্র সংগ্রহ করাও তাই তাঁহার পক্ষে দুর্লভ হইয়া উঠিয়াছিল। যে সম্প্রদায় হইতে মধ্যবিত্ত ব্যক্তিগণ সাধারণতঃ কণ্ঠার জন্ত পাত্র সংগ্রহ করেন, সে সম্প্রদায়ের অধিকাংশই চাকুরিজীবী। তাহারা যেই শুনিল যে উমাশঙ্করবাবুর সহিত টেরারিস্টদের সম্পর্ক আছে, অমনি তাহারা পিছাইয়া গেল। ওই বাড়ীতে বিবাহ দিয়া কে পুলিশের কবলে পড়িতে যাইবে! পিতৃনাম স্মরণ করিয়া সকলেই তাঁহাকে এড়াইয়া যাইতে লাগিল।